অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের জন্য ফেডারেল সহায়তা লভ্য করতে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার জন্য ফেডারেল অনুমোদন ঘোষণা করলেন

ঘোষণাটি সাম্প্রতিক ভারী ঝড়বৃষ্টির দ্বারা সৃষ্ট বিধ্বংসী বন্যার প্রভাব কাটিয়ে উঠতে থাকা স্থানীয় সরকারসমূহকে অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রদান করবে

ক্লিন্টন, ডাচেস, এসেক্স, হ্যামিল্টন, অন্টারিও, অরেঞ্জ, পুটন্যাম, এবং রকল্যান্ড কাউন্টির স্থানীয় সরকারের জন্য সরকারি সহায়তা উপলভ্য আছে

ব্যক্তি এবং অন্যান্য কাউন্টির জন্য আরো সহায়তা ফেডারেল রিভিউয়ের অধীনে রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আপস্টেট নিউ ইয়র্কের অধিকাংশ হওয়া ভারী ঝড়বৃষ্টির ফলে সৃষ্টি বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহকে ফেডারেল সহায়তা প্রদান করতে রাষ্ট্রপতি বাইডেনের কাছে তার করা মুখ্য দুর্যোগ ঘোষণার (Major Disaster Declaration) অনুরোধটি অনুমোদিত হয়েছে। ক্লিন্টন, ডাচেস, এসেক্স, হ্যামিল্টন, অন্টারিও, অরেঞ্জ, পুটন্যাম, এবং রকল্যান্ড কাউন্টিতে পুনরুদ্ধার এবং পুনর্গঠন প্রয়াসকে সমর্থন করার জন্য ঘোষণাটি অতি গুরুত্বপূর্ণ ফেডারেল সহায়তা প্রদান করে। এই কাউন্টিগুলির কাছে এখন রাবিশ অপসারণ, জরুরি সুরক্ষা ব্যবস্থা এবং সরকারি ভবন ও অবকাঠামোর মেরামতের জন্য আর্থিক সমর্থন পাওয়ার সুযোগ থাকবে। এছাড়াও ক্ষতিগ্রস্ত ব্যবসাসমূহের জন্য স্বল্প সুদে পুনরুদ্ধার ঋণের ব্যবস্থা করতে নিউ ইয়র্ক মার্কিন যুক্তরাষ্ট্রের ক্ষুদ্র ব্যবসা প্রশাসনের (U.S. Small Business Administration, SBA) সাথে যোগাযোগ করেছে।স্টেটব্যাপী ব্যক্তি এবং অন্যান্য কাউন্টির জন্য আরো সহায়তা বর্তমানে ফেডারেল রিভিউয়ের অধীনে রয়েছে।

"বিধ্বংসী বন্যা এই মাসে আপস্টেট নিউ ইয়র্কে চরম ক্ষয়ক্ষতি করেছে, তার পরবর্তীতে রাষ্ট্রপতি বাইডেন যে একটি মুখ্য দুর্যোগ ঘোষণার জন্য আমার অনুরোধকে অনুমোদন দিয়েছেন, আমি তার জন্য কৃতজ্ঞ," **গভর্নর হোকল বলেন।** "পুনরুদ্ধার এবং পুনর্গঠন প্রক্রিয়া শুরু করতে সরকারের অংশীদারদের যেই অতি গুরুত্বপূর্ণ তহবিল প্রয়োজন তা প্রদান নিশ্চিত করার জন্য আগামী সপ্তাহগুলিতে আমার প্রশাসন ফেডারেল জরুরি ব্যবস্থাপনা এজেন্সির (Federal Emergency Management Agency, FEMA) সাথে সরাসরি কাজ করবে।"

একটি মুখ্য দুর্যোগের ঘোষণা ফেডারেল সরকার থেকে আর্থিক সহায়তা সুরক্ষিত করে, প্রাথমিকভাবে FEMA-এর সরকারি সহায়তার কর্মসূচী-এর মাধ্যমে স্থানীয় সরকারগুলি, উপজাতি এবং যোগ্য অলাভজনক সংস্থাদের রাবিশ অপসারণ, সুরক্ষামূলক ব্যবস্থা, এবং ভবন ও রাস্তা, ব্রিজ, জল ও বর্জ্যপানি পরিশোধনের ফ্যাসিলিটি, অতি গুরুত্বপূর্ণ পরিকাঠামোর সাইট, স্কুল, পার্ক ও অন্যান্য ফ্যাসিলিটি সহ পরিকাঠামোর মেরামতের জন্য তহবিল প্রদান করবে

স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "এই মাসের সর্বনাশা বন্যায় বিপর্যস্ত সম্প্রদায়সমূহের পুনরুদ্ধারের জন্য অতি গুরুত্বপূর্ণ ফেডারেল তহবিল এই ঘোষণাটি প্রদান করবে। গভর্নর হোকলের নেতৃত্ব এবং রাষ্ট্রপতি বাইডেন ও আমাদের ফেডারেল অংশীদারদের সমর্থনের কারণে, এই সম্প্রদায়গুলি এখন তাদের দীর্ঘমেয়াদি পুনরুদ্ধারের পরিকল্পনা শুরু করতে পারবে এবং নিউ ইয়র্ক যেকোনো উপায়ে সাহায্যের জন্য তাদের পাশেই থাকবে।"

9 জুলাই - 10 জুলাই, মিড হাডসন অঞ্চলের কিছু অংশে আট ইঞ্চির বেশি এবং ফিঙ্গার লেকস অঞ্চলের অন্টারিও কাউন্টিতে পাঁচ ইঞ্চির বেশি বৃষ্টিপাতের খবর পাওয়া গেছে। 10 জুলাই - 11জুলাই, নর্থ কান্ট্রির কিছু অংশে অল্প সময়ে কয়েক ইঞ্চি বৃষ্টিপাত হয়, যার ফলে বিধ্বংসী বন্যা হয়, রাস্তাঘাট বন্ধ হয়ে যায় এবং ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিতে বহু অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়।

ঝড়ের আগাম, গভর্নর হোকল রাজ্যের এজেন্সিগুলিকে জরুরি প্রতিক্রিয়ার সম্পদগুলি প্রস্তুত করার এবং আবহাওয়ার প্রভাবগুলি নিরীক্ষণ করতে এবং স্থানীয় সরকারগুলির সাথে অবিচ্ছিন্ন যোগাযোগে থাকতে সহায়তার জন্য অনুরোধগুলিতে সাড়া দেওয়ার নির্দেশ দিয়েছিলেন। রাজ্য জুড়ে ঝড়গুলি সরে যাওয়ার সাথে, গভর্নর প্রভাবিত এলাকাগুলিতে বিপর্যয়ের সংস্থানগুলি মোতায়েন করতে থাকেন, অতিরিক্ত পরিবহণ বিভাগের সেই কর্মীগণ সহ, যারা রাজ্যের মহাসড়ক এবং সেতুগুলি যত তাড়াতাড়ি সম্ভব খুলতে কাজ করেছিলেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "এই মাসের শুরুতে হাডসন ভ্যালির এবং আপস্টেট নিউ ইয়র্কজুড়ে সম্প্রদায়সমূহকে যেই ঐতিহাসিক বৃষ্টিপাত জর্জরিত করেছে, তার ফলে প্রজন্মে একবার হয় এমন বন্যার ঘটনা হয়েছে যা বহু মিলিয়ন মার্কিন ডলারের ব্যাপক বিস্তৃত ক্ষয়ক্ষতি করেছে এবং কয়েক মিলিয়ন মার্কিন ডলারের মেরামত প্রয়োজন হবে বলে আশঙ্কা করা যাচ্ছে। সরকারের সর্বোচ্চ পর্যায়ে আমাদের ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের বক্তব্য তুলে ধরতে আমি অনবরত লড়াই করেছি, ব্যক্তিগতভাবে FEMA প্রশাসক এবং রাষ্ট্রপতি বাইডেন উভয়কে চিঠি দিয়েছি, কারণ আমি জানতাম যে আমাদের স্টেটের জন্য এই তহবিল প্রয়োজন, এবং বিধ্বংসী এই ঝড়ের পুনরুদ্ধারের দীর্ঘ পথে এটি একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ হবে। নিউ ইয়র্কজুড়ে ঐতিহাসিক এই বন্যায় ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের কাছে যাতে পূর্বের থেকেও দৃঢ়ভাবে পুনর্গঠনের জন্য তাদের প্রয়োজনীয় সমর্থন থাকে তা নিশ্চিত করতে আমার আহ্বানে সাড়াদানের জন্য আমি রাষ্ট্রপতি বাইডেনকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি, এবং হাডসন ভ্যালি ও আপস্টেট নিউ ইয়র্কে প্রয়োজনীয় সকল ফেডারেল সমর্থন প্রদান করার জন্য আমি লড়াই চালিয়ে যাবো।"

মার্কিন সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "হাডসন ভ্যালি এবং নর্থ কান্ট্রির বন্যা কবলিত কাউন্টিগুলির জন্য একটি মুখ্য দুর্যোগ ঘোষণার অনুমোদন দিতে আমার আহ্বান শোনার জন্য আমি রাষ্ট্রপতি বাইডেনের প্রতি কৃতজ্ঞ। এই ঘোষণাটি ফেডারেল সহায়তা প্রদান করবে যার নিদারুণ প্রয়োজন রয়েছে এবং অঞ্চলকে পুনরুদ্ধারের পথে স্থাপন করবে। স্টেটজুড়ে অন্যান্য কাউন্টির কাছে যাতে আরো দৃঢ়ভাবে পুনর্গঠনের জন্য তাদের যা প্রয়োজন তা থাকে তা নিশ্চিত করতে হোয়াইট হাউজ এবং স্থানীয় অংশীদারদের সাথে আমি কাজ অব্যাহত রাখবো।"

প্রতিনিধি প্যাট্রিক রায়ান বলেন, "গত কয়েক সপ্তাহ আমাদের সম্প্রদায়ের জন্য বিধ্বংসী ও হৃদয়বিদারক ছিলো, বিশেষ করে হাইল্যান্ড ফলস, ফোর্ট মন্টগোমারি, এবং কর্নওয়ালের পরিবারগুলির জন্য। আমি এই ঘোষণা করতে পেরে গর্বিত যে নিদারুণভাবে প্রয়োজনীয় ফেডারেল সহায়তা আসছে," বলেন কংগ্রেসম্যান প্যাট রায়ান। "ঘোষণাটির দ্রুত অনুমোদন দেওয়ার জন্য রাষ্ট্রপতি বাইডেনকে, কার্যকরী স্টেটব্যাপী সাড়াদান সচল করার জন্য গভর্নর হোকলকে, এবং আমাদের স্থানীয় নেতৃবৃন্দ, বিশেষ করে অরেঞ্জ কাউন্টি নির্বাহী নিউহাউজকে ঘটনাস্থলে তাদের দুর্দান্ত কাজের জন্য আমি ধন্যবাদ জানাতে চাই। ক্ষতিগ্রস্ত সকলে তাদের প্রয়োজনীয় ও প্রাপ্য সংস্থান পাওয়ার আগ পর্যন্ত আমি লড়াই চালিয়ে যাবো।"

স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন, "এই মাসের নজিরবিহীন বৃষ্টিপাত ও বন্যার পরবর্তীতে অরেঞ্জ কাউন্টির মিউনিসিপ্যালিটিগুলির সামনে পুনরুদ্ধারের দীর্ঘ পথ দেখা যাচ্ছে, এবং FEMA এর মুখ্য দুর্যোগ ঘোষণা অতি প্রয়োজনীয় সংস্থান প্রদান করবে যা দিয়ে আমাদের নির্বাচিত কর্মকর্তারা পুনর্গঠনের কঠিন কাজ করতে পারবে। অতি গুরুত্বপূর্ণ এই চাহিদা উপলব্ধি করে এর জন্য ব্যবস্থা গ্রহণ করার জন্য গভর্নর হোকল, আমাদের ফেডারেল অংশীদার, এবং বাইডেন প্রশাসনের প্রতি আমি কৃতজ্ঞ। স্বতন্ত্র বাড়ির মালিকদের জন্য তাদের প্রাপ্য সাহায্য প্রদানের ব্যবস্থা সন্ধানের কাজ আমরা সামনের সপ্তাহ ও মাসগুলিতে অব্যাহত রাখবো, কিন্তু অরেঞ্জ কাউন্টির পুনর্গঠনের সময় আমাদের মিউনিসিপ্যালিটিগুলির জন্য FEMA বলীয়ান অংশীদার হয়ে থাকবে।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস ইকাস বলেন, "মিড হাডসন ভ্যালির জরুরি ঘোষণার জন্য গভর্নর হোকল, কংগ্রেসম্যান প্যাট রায়ান, সিনেটর চাক শুমার, সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড, এবং আমাদের মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি জো বাইডেনের প্রতি আন্তরিক ধন্যবাদ, এর মাধ্যমে রবিবার ও সোমবার, 9 এবং 10 জুলাইয়ের দুর্যোগে ক্ষতিগ্রস্তরা তাদের ক্ষতির জন্য অতি গুরুত্বপূর্ণ সহায়তা পেতে পারবে।প্রয়োজনের এই সময়ে সকল এবং যেকোনো সহায়তা প্রদান করার জন্য সরকারে আমাদের সহকর্মী, আমার নাগরিক, এবং মিউনিসিপ্যালিটিগুলির পাশে প্রতিশ্রুতিবদ্ধ হয়েই আমি থাকছি।"

ডাচেস কাউন্টির নির্বাহী উইলিয়াম এফ.এক্স. ও'নীল বলেন, "স্টেট এবং ফেডারেল সরকারের থেকে পাওয়া সহায়তার জন্য আমরা অনেক কৃতজ্ঞ। এই ঘোষণাটি বিধ্বংসী বন্যায় ক্ষতিগ্রস্ত স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলিকে অতি গুরুত্বপূর্ণ অবকাঠামোর মেরামত ও পুনঃস্থাপন করতে দিবে। আমাদের মিউনিসিপ্যাল নেতৃবৃন্দ এবং স্টেটের প্রতিনিধিগণ প্রয়োজনীয় কাগজপত্র ঠিক করতে এবং তাৎক্ষণিক চাহিদার প্রাথমিক যাচাই করতে দ্রুত ও কার্যকরভাবে সাড়াদান করেছেন, বিশেষ করে পলিং টাউনের সুপারভাইজার জেমস স্মিট, আমরা তাদের

নিরলস প্রয়াসের প্রতি কৃতজ্ঞ। ব্যক্তি ও ব্যবসার জন্য সহায়তা নিশ্চিত করতে আমরা স্টেটের কর্মকর্তা এবং FEMA এর প্রতিনিধিদের সাথে কাজ চালিয়ে যাবো এবং একইসাথে ক্ষতিগ্রস্ত এলাকার মেরামতের পাশাপাশি আমরা যাতে ভবিষ্যতে একই সমস্যা প্রতিরোধে ব্যবস্থা গ্রহণ করতে পারি তা নিশ্চিত করতে NYS DHSES এবং FEMA এর সাথে কাজ করে যাবো।"

অরেঞ্জ কাউন্টির নির্বাহী স্টিভেন এম. নিউহাউজ বলেন, "এই মাসের শুরুতে বন্যায় ক্ষতিগ্রস্ত অরেঞ্জ কাউন্টি সম্প্রদায়সমূহের জন্য মুখ্য দুর্যোগ ঘোষণা করা হয়েছে তা শুনে আমি খুশি। পুনরুদ্ধার প্রক্রিয়ায় এটি আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ এবং এই অতিরিক্ত তহবিলটি আমাদের পুনরুদ্ধারে সহায়তা করবে। ঝড়ের পরবর্তীতে পুনর্গঠনের সময় আমি গভর্নর হোকলের সাথে কাজ চালিয়ে যাবো এবং ফেডারেল সহায়তার জন্য অ্যাডভোকেট করবো।"

পুটন্যাম কাউন্টি নির্বাহী কেভিন বাইর্ন বলেন, "ঝড়ের ক্ষতিতে ভুগতে থাকা বিভিন্ন মিউনিসিপ্যাল সরকারসমূহকে অতি গুরুত্বপূর্ণ আর্থিক দুর্যোগ ত্রাণ তহবিল প্রদান করার জন্য FEMA কে অনুমোদন দিয়ে রাষ্ট্রপতি বাইডেনের একটি ফেডারেল মুখ্য দুর্যোগ ঘোষণার অনুমোদনের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও ঝড় ও পুনরুদ্ধার প্রয়াসের সময় আমাদের জরুরি সেবা ব্যুরো (Bureau of Emergency Services) দলের সাথে যৌথভাবে কাজ করার জন্য গভর্নর হোকল, তার কর্মী ও স্বদেশ নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের দলকে আমি ধন্যবাদ জানাতে চাই। পুটন্যামের স্টেট এবং ফেডারেল প্রতিনিধিদলের প্রত্যেক প্রতিনিধি ঝড়ের পরবর্তীতে খবর নিতে এবং সমর্থন প্রদান করতে সময় দিয়েছেন, এবং আমরা তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি, কিন্তু সেই সাথে আমরা এটিও বুঝতে পারছি যে সকল মেরামত ও প্রশমন প্রয়াস শেষ হওয়ার জন্য আরো অনেক কাজ বাকি আছে। বহু বাড়ির মালিক এখনো ঝড়ের ক্ষতির কারণে কষ্ট পাচ্ছে। অতিরিক্ত ত্রাণ নিয়ে আসতে তাদের প্রয়াসকে বলীয়ান করার জন্য স্টেট ও ফেডারেল সরকারে আমাদের অংশীদারদের যা প্রয়োজন তা প্রদান করতে আমরা তাদের সাথে কাজ অব্যাহত রাখবো।"

রকল্যান্ড কাউন্টি নির্বাহী এড ডে বলেন, "এটিকে অগ্রসর করার জন্য আমরা গভর্নর ক্যাথি হোকল এবং ফেডারেল কর্মকর্তাদের কাজকে স্বীকার করছি। মিউনিসিপ্যালিটির জন্য সাহায্য আসতে দেখে আমরা সন্তুষ্ট। এছাড়াও ক্ষুদ্র ব্যবসাসমূহ SBA এর মাধ্যমে স্বল্প সুদে ঋণের মাধ্যমে ত্রাণ অনুসন্ধান করতে পারবে। আমরা আশাবাদী যে বাসিন্দাদের জন্য আরো বন্দোবস্ত করা হবে।"

ক্লিন্টন কাউন্টির প্রধান মার্ক হেনরি বলেন, "ক্লিন্টন কাউন্টিতে সম্প্রতি একটি মারাত্মক বন্যার ঘটনা হয়েছে যা বেসরকারি সম্পত্তি, মিউনিসিপ্যাল এবং কাউন্টির অবকাঠামোকে চরমভাবে ক্ষতিগ্রস্ত করেছে। রাষ্ট্রপতি বাইডেন জরুরি ঘোষণায় স্বাক্ষর করে ক্লিন্টন কাউন্টিকে সহায়তা পাওয়ার যোগ্য করেছেন তা জানতে পেরে আমরা অনেক খুশি। গুরুত্বপূর্ণ এই সহায়তার জন্য আমরা রাষ্ট্রপতি ও গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

এসেক্স কাউন্টির প্রধান শন জিলিয়ান্ড বলেন, "সম্প্রতি হয়ে যাওয়া শক্তিশালী ঝড় আমাদের অবকাঠামো ও সম্পত্তির যে ক্ষয়ক্ষতি করেছে তার পরবর্তীতে এসেক্স কাউন্টির জন্য ফেডারেল

দুর্যোগ ঘোষণা পেয়ে এসেক্স কাউন্টি অত্যন্ত কৃতজ্ঞ। অবিচল সমর্থনের জন্য বাইডেন প্রশাসন ও গভর্নর হোকলকে ধন্যবাদ।"

হ্যামিল্টন কাউন্টির প্রধান ব্রায়ান ওয়েলস বলেন, "হ্যামিল্টন কাউন্টি এই ঘোষণার ব্যাপারে জানাতে পেরে গর্বিত যে আমাদেরকে জানানো হয়েছে আমরা FEMA এর থেকে ব্যক্তিগত সহায়তা পেতে যাচ্ছি এবং আমাদের ফেডারেল সরকার কর্তৃক প্রদত্ত গতি এবং সমর্থন হলো আমেরিকা কেনো মহান তার একটি প্রমাণস্বরূপ।"

এছাড়াও বন্যায় ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের বীমা দাবির ফর্ম পূরণ করতে সহায়তা করার জন্য গভর্নর হোকল ক্ষতিগ্রস্ত এলাকায় স্টেটের আর্থিক সেবা বিভাগ থেকে কর্মী নিয়োগ করেছেন। এছাড়াও ব্যক্তিরা (800) 339-1759 নম্বরে DFS (Department of Financial Services, DFS) দুর্যোগ হটলাইনে ফোন করতে পারবে।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
দ্য স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সন্ত্রাসবাদ এবং অন্যান্য মানবসৃষ্ট এবং প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিকান্ড ও অন্যান্য জরুরী অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে নিয়ন্ত্রণ ফিরে পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্যDHSESফেসবুক পেজ পরিদর্শন করুন, টুইটারে ও ইন্সটাগ্রামে @NYSDHSES -কে অনুসরণ করুন অথবাdhses.ny.gov-এ যান।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন